

প্রলয় বা গভীর সমাধি

বাগেশ্রী -- আড়া

নাহি সূর্য, নাহি জ্যোতিঃ নাহি শশাঙ্ক সুন্দর,
ভাসে ব্যোমে ছায়াসম ছবি বিশ্ব চরাচর।।
অস্ফুট মন-আকাশে, জগতসংসার ভাসে,
ওঠে ভাসে ডোবে পুনঃ অহং-স্রোতে নিরন্তর।।
ধীরে ধীরে ছায়াদল, মহালয়ে প্রবেশিল,
বহে মাত্র 'আমি' 'আমি' -- এই ধারা অনুক্ষণ।।
সে ধারাও বদ্ধ হ'ল, শূন্যে শূন্য মিলাইল,
'অবাঙ্মনসোগোচরম্', বোঝে -- প্রাণ বোঝে যার।।